



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতায় ৩য় স্থান অর্জনকারী সালেহ আহমদ তাকরিমকে
সংবর্ধনা দিবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশন

ঢাকা, রবিবার, ২৫ সেপ্টেম্বর ২০২২

আন্তর্জাতিক হিফজুল কুরআন প্রতিযোগিতা 'য় তৃতীয় স্থান অর্জন কারী হাফেজ সালেহ আহমদ তাকরিমকে
সংবর্ধনা দিবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশন। আগামী ২৭ সেপ্টেম্বর মঙ্গলবার, ২০২২ খ্রি
তারিখে সকাল ১০.৩০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মোঃ
ফরিদুল হক খান এম.পি।

উল্লেখ্য, গত ২২ সেপ্টেম্বর বুধবার রাতে সৌদি আরবের পবিত্র নগরী মক্কায় অনুষ্ঠিত '৪২তম বাদশাহ আব্দুল
আজিজ আন্তর্জাতিক হিফজুল কুরআন প্রতিযোগিতায় ১১১ টি দেশের ১৫৩ জন হাফেজের মধ্যে তৃতীয় স্থান অর্জন
করেন বাংলাদেশের হাফেজ সালেহ আহমদ তাকরিম। তাকরিম গত ২৮ শে মে ২০২২ খ্রি. তারিখে ইসলামিক
ফাউন্ডেশনের সার্বিক সহযোগিতায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে অনুষ্ঠিত নির্বাচনী পরীক্ষায় বাংলাদেশের
প্রতিনিধি নির্বাচিত হয়।

২৫.৯.২২

শায়লা শারমীন

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬